বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৭ এর দশম অধ্যায়, উক্ত অধ্যায়ের-এর অনুচ্ছেদ-৬০(জ) এবং কোম্পানির পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে বিএসসিএল এর অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল পরিচালনা সংক্রান্ত নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করা হইল -

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**- (১) এই বিধিমালা **"বিএসসিএল অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল বিধিমালা, ২০২২"** নামে অভিহিত হইবে।

(২) ইহা নিম্নলিখিত কর্মচারী ব্যতীত, কোম্পানির সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা: –

(ক) প্রেষণে/লিয়েনে নিয়োজিত কর্মচারী; এবং

(খ) সম্পূর্ণ অস্থায়ী, খন্ডকালীন, দৈনিক বা চুক্তির ভিত্তিতে নিয়োজিত কর্মচারী।

(৩) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।**-(১) বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় ,-

(ক) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কোন নির্দিষ্ট কর্তব্য সম্পাদনের জন্য কোম্পানির প্রধান নির্বাহী (সিইও) (Chief Executive Officer (CEO) of the Company) বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(খ) "কর্মচারী" অর্থ কোম্পানির কোন কর্মচারী এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(গ) "চাঁদাদাতা" অর্থ তহবিলে চাঁদা প্রদানকারী কোম্পানির কোন নিয়মিত কর্মচারী;

(ঘ) "ছুটি" অর্থ বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০১৭ তে উল্লিখিত কোন ছুটি;

(ঙ) "তহবিল" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল;

(চ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ছ) "দপ্তরপ্রধান" অর্থ কোম্পানির ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক। কোম্পানির মহাব্যবস্থাপক (General Manager) পদে কর্মরত কর্মচারী স্ব স্ব উইং বা বিভাগের জন্য দপ্তরপ্রধান হিসাবে গণ্য হইবেন;

(জ) "নিয়ন্ত্রণকারী কর্মকর্তা" অর্থ কোম্পানির অর্গানোগ্রাম অনুযায়ী ব্যবস্থাপক (Manager) পর্যায় পর্যন্ত তাহার নিম্নস্তরের কর্মচারীর জন্য নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হইবেন। ব্যবস্থাপনা পরিচালকের ক্ষেত্রে বোর্ড নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবে;

ব্যাখ্যা: নিয়ন্ত্রণকারী কর্মকর্তার ক্ষেত্রে পরবর্তী উর্ধ্বতন কর্মকর্তাই তাহার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হইবেন;

(ঝ) "পরিবার" অর্থ–

(অ) কর্মচারী পুরুষ হইলে, তাহার স্ত্রী ও সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী ও সন্তান-সন্ততিগণ অথবা উক্ত স্ত্রী বা সন্তান-সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণ:

তবে শর্ত থাকে যে, যদি কোন কর্মচারী প্রমাণ করিতে পারেন যে, আদালতের আদেশ অনুসারে তিনি ও তাহার স্ত্রী পৃথকভাবে বসবাস করেন অথবা তাহার স্ত্রী প্রথাগত আইন অনুসারে ভরণপোষণ লাভের অধিকারী নহেন, তাহা হইলে উক্ত স্ত্রীকে পরিবারভুক্ত করিবার জন্য উক্ত কর্মচারী কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্ত্রী, এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না; এবং

ড.শাহ্‌জাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

(আ) কর্মচারী মহিলা হইলে, তাহার স্বামী ও সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী ও সন্তান-সন্ততিগণ অথবা উক্ত স্ত্রী বা সন্তান-সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণ:

তবে শর্ত থাকে যে, কোন মহিলা কর্মচারী তাহার স্বামীকে এই বিধিমালার কোন সুবিধা পাইবার বিষয়ে তাহার পরিবারভুক্ত করিবার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্বামী উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না;

(ই) "নির্ভরশীল ব্যক্তি" বলিতে একজন মৃত সদস্যের স্ত্রী, স্বামী, পিতা-মাতা, সন্তান, অপ্রাপ্তবয়স্ক ভাই, অবিবাহিতা বোন এবং সদস্যের মৃত পুত্রের বিধবা স্ত্রী ও সন্তান এবং যেই ক্ষেত্রে পিতা-মাতা জীবিত নাই সেক্ষেত্রে পিতার পিতা ।

(ঞ) "কোম্পানি" অর্থ বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল);

(ট) "বেতন" অর্থ বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০১৭ তে বর্ণিত বেতন, ছুটির বেতন, খোরাকি ভাতা, ইত্যাদি;

(ঠ) "বৎসর" অর্থ অর্থ-বৎসর

(ড) "মঞ্জুরকারী কর্তৃপক্ষ" অর্থ বিধি ২ এর (ক) এ বর্ণিত "উপযুক্ত কর্তৃপক্ষ"; এবং

(ঢ) "সন্তান" অর্থ কোন কর্মচারীর বৈধ সন্তান-সন্ততি:

তবে শর্ত থাকে যে, দত্তক সন্তানের ক্ষেত্রে, উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দত্তক গ্রহণের বিষয়ে সন্দেহের উদ্রেক হইলে এবং বিষয়টিতে কোম্পানির আইন উপদেষ্টার মতামত যাচনা করা হইলে, উক্ত উপদেষ্টা যদি এই মর্মে মতামত প্রদান করেন যে, সংশ্লিষ্ট কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য ব্যক্তিগত আইন অনুযায়ী উক্ত দত্তক সন্তান প্রাকৃতিক সন্তানের সমমর্যাদা সম্পন্ন, তবে উক্ত দত্তক সন্তান বৈধ সন্তানের মর্যাদা লাভ করিবেন: আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি তাহার সন্তানকে অন্যের নিকট দত্তক প্রদান করিলে, দত্তক গ্রহণকারীর ক্ষেত্রে প্রযোজ্য ব্যক্তিগত আইন অনুযায়ী উক্ত দত্তক সন্তান যদি প্রাকৃতিক সন্তানের মর্যাদা লাভ করে, তবে উক্ত ক্ষেত্রে সে নিজেকে, এই বিধি প্রয়োগের ক্ষেত্রে, তাহার প্রকৃত পিতার সন্তান বা নির্ভরশীল হিসাবে দাবী করিতে পারিবেন না।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই উহা বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০১৭ তে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই একই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **তহবিল গঠন ও পরিচালনা।**-(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, ইহা কার্যকর হইবার পর, নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থের সমন্বয়ে, "বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল নামে একটি তহবিল গঠিত হইবে, যথা:-

(ক) এই বিধিমালার আওতায় অংশ প্রদেয় ভবিষ্য তহবিলে কর্মচারীগণ প্রতি মাসে মূল বেতনের ১০% হারে চাঁদা প্রদান করিবেন এবং কোম্পানির নিজস্ব আয় থেকে কর্মচারীর মূল বেতনের $৮\frac{১}{৩}$% হারে অর্থ তহবিলে জমা করিবে;

(খ) এই বিধিমালা অনুযায়ী চাঁদাদাতা কর্তৃক গৃহীত অগ্রিমের বিপরীতে প্রদত্ত কিস্তি ও মুনাফা/বৃদ্ধি;

(গ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে অর্জিত আয়;

(ঘ) অন্যান্য বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ, যেমন- কোন কর্মচারী নিজস্ব ব্যালেন্সের উপর মুনাফা/বৃদ্ধি সংক্রান্ত অর্থের দাবি প্রত্যাহার করিলে বা তামাদি ব্যালেন্সের অর্থ থাকিলে উক্ত অর্থ।

(২) তহবিল বাংলাদেশি মুদ্রায় সংরক্ষিত হইবে।

(৩) মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) তহবিলের অর্থ এবং তহবিলের হিসাব সংরক্ষণ করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) তহবিলের হিসাব পরিচালনার জন্য একটি পৃথক ব্যাংক একাউন্ট সংরক্ষণ করিবেন যাহাতে অর্থসমূহ জমা থাকিবে।

ড. শাহজাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

(৫) কোম্পানির অনুমোদন ও সরকারের আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক, সর্বোচ্চ লাভ প্রাপ্তির লক্ষ্যে তহবিলের অর্থ সরকার অনুমোদিত কোন আর্থিক প্রতিষ্ঠান, ব্যাংক বা জাতীয় সঞ্চয়পত্রে বিনিয়োগ করিবেন।

(৬) তহবিলের অর্থ সংরক্ষণ ও নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয় কোম্পানি বহন করিবে।

৪। **তহবিলে অন্তর্ভুক্তির যোগ্যতা।**– কোম্পানিতে নিয়োগকৃত স্থায়ী সকল কর্মকর্তা ও কর্মচারীগণ এই তহবিলের যোগদানের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন, তবে শর্ত থাকে যে,

(১) তহবিলে যোগদানের যোগ্য যে সকল কর্মচারীর চাকুরীর মেয়াদ এই বিধিমালা বলবৎ হওয়ার পূর্বে শিক্ষানবিশকাল সফলভাবে সম্পন্ন হয়েছে তাহারা এই তহবিলে যোগদান করিতে পারিবেন এবং

(২) তহবিলে যোগদানের যোগ্য যে সকল কর্মচারীর চাকুরীর মেয়াদ এই বিধিমালায় বলবৎ হওয়ার পূর্বে শিক্ষানবিশকাল সফলভাবে সম্পন্ন হয়নি এবং যাহারা এই বিধিমালা বলবৎ হওয়ার সময় বা পরে চাকুরীতে যোগদান করিবেন শিক্ষানবিশকাল সফলভাবে সম্পন্ন হলে এই তহবিলে যোগদান করিতে পারিবেন ।

(৩) কোম্পানিতে সদস্যের চাকুরীচ্যুতি ঘটিলে সদস্য পদ খারিজ হইবে। সেই ক্ষেত্রে খারিজকৃত সদস্যের অধিকার অত্র বিধি দ্বারা নিরূপিত হইবে। কোন সদস্যকে কোম্পানি কর্তৃক চাকুরী হইতে অপসারণ করা হইলে অথবা তিনি প্রদেয় ভবিষ্য তহবিলে সদস্য হইতে যে কোন কারণে অবসর গ্রহণ করিবার পর উক্ত সদস্য কোম্পানির সার্বক্ষণিক চাকুরীতে পুনঃনিয়োগ হইলে অথবা পুনরায় প্রদেয় ভবিষ্য তহবিলের সদস্য হইলে তাহার পূর্ববর্তী চাকুরীকাল অত্র বিধির আওতায় গণ্য করা হইবে না।

(৪) কোম্পানিতে প্রেষণে নিয়োজিত, শিক্ষানবিশ, চুক্তিতে নিয়োগকৃত, লিয়েনের মাধ্যমে নিয়োগকৃত কোন কর্মকর্তা ও কর্মচারী তহবিলে যোগদানের জন্য যোগ্য হইবেন না; তবে এক্ষেত্রে ভুলবশত চাঁদা কর্তন হইলে শুধু জমাকৃত অর্থ ফেরৎ প্রদান করা হইবে, উক্ত জমাকৃত অর্থের উপর কোন মুনাফা বা বৃদ্ধি প্রদান করা হইবে না।

৫। **তহবিলে চাঁদাদাতার সদস্যভুক্তি ও হিসাব নম্বর পাওয়ার আবেদন।**-(১) কোন কর্মচারীকে তফসিলে উল্লিখিত 'ফরম-১' পূরণপূর্বক মহাব্যবস্থাপক (প্রশাসন,অর্থ ও হিসাব) বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ৩ (তিন) প্রস্থে আবেদন করিবেন।

(২) মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব)-এর কার্যালয় কর্মচারীর রেকর্ডপত্র যাচাই বাছাই করিয়া কর্মচারীর অনুকূলে অংশপ্রদেয় ভবিষ্য তহবিল নম্বর ইস্যুপূর্বক সংশ্লিষ্ট সকল দপ্তরকে অবহিত করিবে এবং উক্ত নম্বরের অনুকূলে চাঁদাদাতার চাঁদা ও কোম্পানির অনুদান জমা করা হইবে।

৬। **মনোনয়ন।**-(১) তহবিলে যোগদানকালে একজন চাঁদাদাতা তফসিলে উল্লিখিত 'ফরম-২'পূরণপূর্বক দপ্তরপ্রধানের মাধ্যমে মহাব্যবস্থাপক (প্রশাসন,অর্থ ও হিসাব) বরাবরে এই মর্মে মনোনয়নপ্রেরণ করিবেন যে, তাহার প্রাপ্য অর্থ প্রাপ্তির পূর্বে তাহার মৃত্যু ঘটিলে মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গ তহবিলে সঞ্চিত তাহার অংশের অর্থ উত্তোলন করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, মনোনয়নকালে চাঁদাদাতার পরিবার থাকিলে, তিনি তাহার পরিবারের সদস্যের বাহিরে অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনীত করিতে পারিবেন না এবং মনোনয়নকালে পরিবার না থাকিলে কেবল তিনি যে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনীত করিতে পারিবেন, তবে পরিবারভুক্ত হইবার সঙ্গে সঙ্গে উক্ত মনোনয়ন বাতিল বলিয়া গণ্য হইবে: আরও শর্ত থাকে যে, একাধিক ব্যক্তিকে মনোনীত করা হইলে প্রত্যেকের প্রাপ্য অনুপাত স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে যেন মনোনয়নকারীর প্রাপ্য সম্পূর্ণ অর্থ পরিশোধ করা যায়।

(২) মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) উপ-বিধি (১) এর অধীন মনোনয়ন প্রাপ্তির পর উহা মনোনয়ন রেজিস্টারে এবং কম্পিউটারের সংশ্লিষ্ট ফাইলের মনোনয়ন কলামে প্রয়োজনীয় এন্ট্রি প্রদানপূর্বক সংশ্লিষ্ট সকল দপ্তরকে অবহিত করিবেন।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষকে, তফসিলের 'ফরম-৩' অনুযায়ী, লিখিতভাবে নোটিশ প্রদান করিয়া চাঁদাদাতা যে কোন সময় তাহার মনোনয়ন বাতিল করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, এইরূপ নোটিশের সহিত উপ-বিধি (১) অনুযায়ী একটি নুতন মনোনয়নপত্র প্রেরণ করিতে হইবে।

(৪) চাঁদাদাতা কর্তৃক প্রদত্ত প্রত্যেক মনোনয়ন এবং বাতিল নোটিশ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হইবার তারিখ হইতে কার্যকর হইবে।

(৫) কোন চাঁদাদাতা উপ-বিধি (১) অনুসারে মনোনয়ন জমা না দিয়া মৃত্যুবরণ করিলে তহবিলের অর্থ উত্তরাধিকারের প্রমাণপত্রের ভিত্তিতে উক্ত চাঁদাদাতার বৈধ উত্তরাধিকারীগণকে প্রদান করা হইবে।

ড. শাহজাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

৭। **চাঁদার শর্ত ও হার।**-(১) চাঁদাদাতাকে প্রতি মাসে মূল বেতনের ১০% হারে এই তহবিলে চাঁদা প্রদান করিতে হইবে।

(২) সাময়িক বরখাস্ত থাকিলে বা বিনা বেতনে অসাধারণ ছুটিতে থাকিলে উক্ত সময়ে চাঁদা কর্তন বন্ধ থাকিবে।

(৩) বিনা বেতনে ছুটি ব্যতীত অনুমোদিত অর্জিত ছুটিকালীন সময়ে যথারীতি চাঁদা কর্তন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সাময়িক অপসারণ হইতে কর্তব্যকাল গণনাপূর্বক অথবা পূর্ণ বেতনে ছুটি মঞ্জুর পূর্বক চাকুরীতে পুনর্বহাল হইবার পর চাঁদাদাতা একসঙ্গে অথবা আংশিকভাবে বরখাস্তকালীন সময়ের জন্য প্রদেয় চাঁদার উর্ধ্বে নহে, এমন পরিমাণ চাঁদা প্রদান করিতে পারিবেন।

(৪) কোন কর্মচারী অবসর গ্রহণ বা ইস্তফা প্রদান করিলে কিংবা চাকুরী হইতে অব্যাহতি, অপসারণ বা বরখাস্ত হইলে অথবা মৃত্যুবরণ করিলে অপূর্ণ মাসের ক্ষেত্রে চাঁদা কর্তন করা যাইবে না।

৮। **কোম্পানি কর্তৃক প্রদত্ত অনুদান।**-কর্মচারীগণ প্রতি মাসে মূল বেতনের ১০% হারে এই তহবিলে চাঁদা প্রদান করিবেন এবং কোম্পানি কর্মচারীর মূল বেতনের ৮ ১/৩ % হারে অর্থ তাহাদের তহবিলে জমা করিবে।

৯। **চাঁদা ও অগ্রিম আদায়।**-(১) তহবিলে কর্মচারীর প্রদেয় চাঁদা এবং তহবিল হইতে কোন অগ্রিম গ্রহণ করিয়া থাকিলে উক্ত অগ্রিমের আসল ও মুনাফা বা বৃদ্ধি বাবদ কিস্তির টাকা তাহার বেতন হইতে আদায় করা হইবে।

(২) কোন চাঁদাদাতা বৈদেশিক চাকুরীতে নিয়োজিত হইলে অথবা দেশের অভ্যন্তরে বা বাহিরে অন্য কোন সংস্থা বা প্রতিষ্ঠানের চাকুরীতে প্রেষণ বা লিয়েনে কর্মরত থাকিলেও তিনি তহবিলের আওতাভুক্ত থাকিবেন এবং প্রেষণ বা লিয়েনে না থাকিলে তিনি যেভাবে তহবিলে চাঁদা প্রদান করিতেন সেইভাবে চাঁদা প্রদান করিবেন।

(৩) কোন চাঁদাদাতা অন্য কোন উৎস হইতে বেতন গ্রহণ করিলে অথবা প্রেষণ বা লিয়েনে কর্মরত থাকিলে তিনি নিজে অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাহার তহবিলে প্রদেয় চাঁদার অর্থ ও অগ্রিমের কিস্তি, যদি থাকে, উপযুক্ত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিবেন।

১০। **জমার উপর মুনাফা বা বৃদ্ধি।**-(১) তহবিলে জমাকৃত অর্থ ব্যাংকে বা কোন অর্থলগ্নি প্রতিষ্ঠানে বিনিয়োগ হইতে প্রাপ্ত মুনাফা বা বৃদ্ধি চাঁদাদাতাদের হিসাবে জমাকৃত অর্থের আনুপাতিক হারে প্রদান করা হইবে।

(২) জমাকৃত অর্থের উপর বৎসরের শেষ দিনের হিসাবে নিম্নরূপে মুনাফা বা বৃদ্ধি নির্ণয় করা হইবে, যথা:-

(ক) পূর্ববর্তী বৎসরের শেষ দিন চাঁদাদাতার হিসাবে জমাকৃত অর্থের মধ্যে চলতি বৎসরের উত্তোলিত অর্থ বাদে অবশিষ্ট অর্থের উপরে ১২ (বার) মাসের মুনাফা বা বৃদ্ধি;

(খ) চলতি বৎসরের উত্তোলিত অর্থের উপর চলতি বৎসরের প্রথম মাস হইতে উত্তোলন করিবার মাসের পূর্ববর্তী মাসের শেষ দিন পর্যন্ত মুনাফা বা বৃদ্ধি;

(গ) পূর্ববর্তী বৎসরের শেষ দিন চাঁদাদাতার হিসাবে জমাকৃত সকল অর্থের উপর চলতি বৎসরের জমা প্রদানের তারিখ হইতে শেষ দিন পর্যন্ত সময়ের জন্য মুনাফা বা বৃদ্ধি;

(ঘ) মোট মুনাফা বা বৃদ্ধির পরিমাণকে নিকটতম পূর্ণ টাকায় রূপান্তর করিয়া ধরা হইবে এবং৫০ (পঞ্চাশ) বা তদূর্ধ্ব পয়সাকে পরবর্তী পূর্ণ টাকা গণ্য করা হইবে:

তবে শর্ত থাকে যে, যখন কোন চাঁদাদাতার হিসাবে জমাকৃত অর্থ প্রদানযোগ্য হয়, তখন এই উপ-প্রবিধান অনুযায়ী চলতি বৎসরের শুরু হইতে অথবা জমা প্রদানের তারিখ হইতে চাঁদাদাতাকে অর্থ পরিশোধযোগ্য হইবার তারিখ পর্যন্ত মুনাফা বা বৃদ্ধি প্রদান করা হইবে।

(৩) প্রত্যেক মাসের শেষ কার্যদিবসে কোম্পানি কর্তৃক বেতন পরিশোধ ব্যবস্থা চালু থাকিলে, এই বিধিমালা অনুযায়ী, বেতন হইতে যে মাসে চাঁদা ও অগ্রিমের কিস্তি আদায় হইবে তাহার পরবর্তী মাসের প্রথম তারিখে উহা জমা হিসাবে গণ্য করা হইবে।

(৪) চাঁদাদাতা কর্তৃক কোন চাঁদা সরাসরি বা নগদ পরিশোধের ক্ষেত্রে, যদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক উহা কোন মাসের ৫ তারিখের পূর্বে গৃহীত হয়, তবে সেই মাসের প্রথম দিন উহা জমা হিসাবেগণ্য করা হইবে, কিন্তু যদি ৫ (পাঁচ) বা তৎপরবর্তী তারিখে গৃহীত হয়, তবে পরবর্তী মাসের প্রথম দিন হইতে উক্ত জমা গণ্য হইবে।

(৫) কোন চাঁদাদাতা ইচ্ছা করিলে তহবিল হইতে মুনাফা বা বৃদ্ধি গ্রহণ নাও করিতে পারেন:



ড. শাহজাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

তবে শর্ত থাকে যে, ইতোপূর্বে মুনাফা বা বৃদ্ধি গ্রহণের ইচ্ছা প্রকাশ না করিলেও পরবর্তীতে যে কোন সময় তিনি মুনাফা বা বৃদ্ধি গ্রহণের ইচ্ছা প্রকাশ করিতে পারিবেন এবং সেক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট যে মাসে আবেদনপত্র জমা প্রদান করিবেন সেই মাসের পরের মাস হইতে মুনাফা বা বৃদ্ধি প্রাপ্য হইবেন।

১১। **ভবিষ্য তহবিল হইতে অগ্রিম মঞ্জুর।**- (১) ভবিষ্য তহবিলে চাঁদা প্রদানকারী কোনো কর্মচারী তাঁহার প্রয়োজন অনুসারে তহবিল হইতে অগ্রিম/অগ্রিমসমূহ উত্তোলন করিতে পারিবেন;

(২) তবে শর্ত থাকে যে, কোম্পানির পরিচালনা পর্ষদ বা ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা চাঁদা প্রদানকারী কর্মচারীর প্রয়োজনীয়তার গুরুত্ব বিবেচনা করিয়া অগ্রিম উত্তোলনের পরিমাণের হার নির্ধারণ করিতে পরিবেন।

(৩) নিজের ও পরিবারের বসবাসের উদ্দেশ্যে গৃহনির্মাণ/ক্রয় বা গৃহ নির্মাণের উদ্দেশ্যে জমি ক্রয়ের প্রয়োজনে অগ্রিমের সর্বোচ্চ পরিমাণ হইবে ৩৬ (ছত্রিশ) মাসের মূল বেতন অথবা তহবিলে সঞ্চিত অর্থের ৮০% -এই দুইয়ের মধ্যে যাহা কম;

(৪) নিজে/পরিবারের সদস্যগণ বসবাস করেন, এইরূপ গৃহ মেরামতের প্রয়োজনে অগ্রিমের সর্বোচ্চ পরিমাণ হইবে ১২ (বার) মাসের মূল বেতনের অথবা তহবিলে সঞ্চিত অর্থের ৭৫%- এই দুইয়ের মধ্যে যাহা কম।

(৫) ভবিষ্য তহবিলে চাঁদাদানকারী কর্মচারীর বয়স ৫৫ (পঞ্চান্ন) বৎসর পূর্ণ হইলে পূর্বোক্ত (১) উপ-বিধির অন্তর্ভুক্ত কোনো প্রয়োজনে এবং পূর্বোক্ত (১) উপ-বিধির অন্তর্ভুক্ত নহে, এমন কোনো প্রকৃত প্রয়োজনে (যেমন, জমি ক্রয়, সন্তানাদির প্রতিষ্ঠার জন্য বিনিয়োগ, ইত্যাদি) উক্ত কর্মচারীকে তাঁহার তহবিলে সঞ্চিত অর্থের সর্বোচ্চ ৮০% অফেরতযোগ্য অগ্রিম মঞ্জুর করা যাইবে।

(৬) যে কোনো প্রয়োজনে গৃহীত এক বা একাধিক অগ্রিম সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত কোম্পানির কর্মচারীগণকে ভবিষ্য তহবিল হইতে নুতন করিয়া কোনো অগ্রিম গ্রহণে নিরুৎসাহিত করা হইবে। তবে, বিশেষ বিবেচনায় একাধিক অগ্রিম মঞ্জুর করা হইলে, প্রতিটি অগ্রিম পৃথক অগ্রিম হিসাবে বিবেচিত হইবে এবং সেইরূপে আদায়যোগ্য হইবে।

(৭) অগ্রিম মঞ্জুরের পর যে কোন সময়, এই প্রবিধানে উল্লিখিত উদ্দেশ্যের সমর্থনে আবেদনকারী কর্তৃক দাখিলী কোন তথ্য বা উপাত্ত মিথ্যার বা ভিত্তিহীন প্রমাণিত হইলে, মঞ্জুরকারী কর্তৃপক্ষ প্রদত্ত অগ্রিম বাতিল করিতে পারিবে।

(৮) কোম্পানির বোর্ড কোনো কর্মচারীকে অগ্রিম মঞ্জুরকারী কর্তৃপক্ষ, প্রদত্ত অগ্রিমের সুদের হার বা লভ্যাংশ, অগ্রিম আদায় বা সমন্বয়ের সর্বোচ্চ সময়, অগ্রিম মঞ্জুর সংক্রান্ত ইত্যাদি বিষয়ে কোন সিদ্ধান্ত দিলে সেটি এই বিধির অংশ বলিয়া পরিগণিত হবে।

১২। **অগ্রিম মঞ্জুরকারী কর্তৃপক্ষ ও অগ্রিম প্রদানের পদ্ধতি।**- (১) যে কোন চাঁদাদাতাকে, তহবিলে ৩৬ (ছত্রিশ) মাস চাঁদা জমা হওয়া সাপেক্ষে, তফসিলে উল্লিখিত 'ফরম-৪' অনুযায়ী আবেদনের প্রেক্ষিতে তহবিলে তাহার সঞ্চিত অর্থ হইতে নিম্নলিখিত কর্তৃপক্ষ অগ্রিম মঞ্জুর করিতে পারিবেন, যথা:-

(ক) উপযুক্ত কর্তৃপক্ষ অগ্রিম মঞ্জুর করিবেন;

(খ) সিইও এর অগ্রিম আবেদন কোম্পানির পরিচালনা পর্ষদ মঞ্জুর করিবেন, সেক্ষেত্রে মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) প্রয়োজনীয় তথ্যাদি যাচাই করে সুপারিশসহ অগ্রিম আবেদন এর প্রস্তাব কোম্পানির পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করিবেন;

(গ) গ্রেড-১২ বা এর নিম্নের কর্মচারীর ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা সুপারিশকারী কর্মকর্তা হিসাবে বিবেচিত হতে পারেন;

(ঘ) দপ্তর প্রধানগণের অগ্রিম আবেদনে আবেদনকারীই সুপারিশকারী কর্মকর্তা হিসাবে স্বাক্ষর করিতে পারিবেন;

(২) ফরম-৪ এর মাধ্যমে প্রাপ্ত অগ্রিমের আবেদন প্রাপ্তির পর মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) সংশ্লিষ্ট চাঁদাদাতার বেতন হইতে কর্তনকৃত শেষ ৩ (তিন) মাসের চাঁদা বাদ রাখিয়া তহবিল হইতে অগ্রিম প্রাপ্যতাসহ নিরীক্ষাপূর্বক, সংশ্লিষ্ট বিধি-বিধান উল্লেখপূর্বক, মঞ্জুরাদেশ জারির জন্য মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।



ড. শাহজাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

(৩) মঞ্জুরাদেশ প্রাপ্তির পর মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) মঞ্জুরীকৃত অগ্রিমের অর্থ পরিশোধ আদেশ জারি করিবেন এবং মঞ্জুরীকৃত অগ্রিম পরিশোধের ব্যবস্থা গ্রহণপূর্বক সংশ্লিষ্ট দপ্তর প্রধান কে অবহিত করিবেন।

**১৩। অগ্রিম ও উহার মুনাফা বা বৃদ্ধি আদায়।**- (১) চাঁদাদাতা কর্তৃক গৃহীত অগ্রিমের অর্থ, মঞ্জুরকারী কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী, সর্বনিম্ন ১২ (বার) এবং সর্বোচ্চ ৩৬ (ছত্রিশ) টি সমান কিস্তিতে আদায় করা হইবে:

তবে শর্ত থাকে যে, চাঁদাদাতা ইচ্ছা করিলে এক মাসে, পূর্ণ টাকায়, একাধিক কিস্তি পরিশোধ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট কিস্তির অর্থ পূর্ণ টাকায় রূপান্তরের প্রয়োজন হইলে অগ্রিমের পরিমাণ কম বা বেশি করা যাইবে।

(২) চাঁদা আদায়ের ন্যায় একই নিয়মে অগ্রিমের অর্থ আদায় করা হইবে এবং, গৃহ নির্মাণ অগ্রিম ব্যতিরেকে, অগ্রিম গ্রহণের পর চাঁদাদাতা প্রথম যে মাসে বেতন উত্তোলন করিবেন সেই মাস হইতে আদায় আরম্ভ হইবে।

(৩) চাঁদাদাতা বিনা বেতনে ছুটিতে থাকিলে বা খোরাকি ভাতা পাইতে থাকিলে তাহার অনুমতি ছাড়া অগ্রিম আদায় করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, পূর্বে গৃহীত অগ্রিম কিছুদিনের জন্য এবং চাঁদাদাতার বয়স ৫০ (পঞ্চাশ) বা চাকুরিকাল ২৫ (পঁচিশ) বৎসরের বেশী হইলে চাঁদাদাতার আবেদনের প্রেক্ষিতে তাহার অবসর পর্যন্ত মঞ্জুরকারী কর্তৃপক্ষ অগ্রিম ও চাঁদা আদায় স্থগিত রাখিতে পারিবেন: তবে আরও শর্ত থাকে যে, ছুটির সহিত অবকাশ থাকিলে তাহাও ছুটি হিসাবে গণ্য হইবে;

তবে আরও শর্ত থাকে যে, যেই ক্ষেত্রে চাঁদাদাতা কোন মাসের পূর্ণ বেতন উত্তোলন করেন শুধু তখনই কিস্তি আদায় করা হইবে, যখন তিনি ছুটিতে থাকিবেন তখন তাহার সম্মতিক্রমে ছুটিকালীন বেতন হইতে অগ্রিম কর্তন করা যাইবে।

(৪) যদি একাধিকবার অগ্রিম প্রদান করা হইয়া থাকে, তবে আদায়ের ক্ষেত্রে প্রতিটি অগ্রিমকে পৃথকভাবে বিবেচনা করিতে হইবে।

(৫) গৃহীত অগ্রিমের মূল অর্থ সম্পূর্ণরূপে পরিশোধ করিবার পর, মাসিক ভিত্তিতে মুনাফা বা বৃদ্ধি আদায় করা হইবে;

তবে শর্ত থাকে যে, কোন চাঁদাদাতা তাহার প্রদত্ত চাঁদার উপর কোন মুনাফা বা বৃদ্ধি গ্রহণ না করিবার জন্য ইচ্ছা ব্যক্ত করিয়া থাকিলে তাহার গৃহীত অগ্রিমের উপরও কোন মুনাফা বা বৃদ্ধি আদায় করা যাইবে না।

(৬) অগ্রিমের মূল অর্থ সম্পূর্ণরূপে পরিশোধ করিবার পর এক কিস্তিতে সমুদয় মুনাফা বা বৃদ্ধি পরিশোধ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, মুনাফা বা বৃদ্ধি পরিমাণ মূল কিস্তির পরিমাণ অপেক্ষা অধিক হইলে উহা একাধিক কিস্তিতেও পরিশোধ করা যাইবে।

(৭) চাঁদাদাতা কর্তৃক গৃহীত অগ্রিম পরিশোধের পূর্বেই, বিধি ১১(৭) এ উল্লিখিত কারণে, উক্ত অগ্রিম বাতিল করা হইলে, উত্তোলিত অগ্রিম বা উহার বকেয়া অংশ এবং বিধি ১০ মোতাবেক প্রদেয় মুনাফা বা বৃদ্ধি তহবিলে ফেরত প্রদান করিতে হইবে, অন্যথায় উপযুক্ত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট চাঁদাদাতার বেতন হইতে কিস্তিতে অথবা, মঞ্জুরকারী কর্তৃপক্ষ যেইরূপ নির্দেশ প্রদান করিবে সেইরূপে, উক্ত অর্থ আদায় করিবে:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট চাঁদাদাতা তহবিলে তাহার জমাকৃত অর্থের উপরে মুনাফা বা বৃদ্ধি গ্রহণ না করিবার জন্য ইচ্ছা ব্যক্ত করিয়া থাকিলে তাহার নিকট হইতে কোন প্রকার মুনাফা বা বৃদ্ধি আদায় করা যাইবে না।

(৮) অগ্রিমের কিস্তি ও মুনাফা বা বৃদ্ধি বাবদ আদায়কৃত সমুদয় অর্থ, এই বিধিমালা অনুযায়ী, তহবিলে চাঁদাদাতার হিসাবে জমা হইবে।

**১৪। অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল হইতে জমাকৃত অর্থ চূড়ান্তভাবে উত্তোলন। -**

(১) নিম্নোক্ত ক্ষেত্রে কোম্পানির কোনো কর্মচারী তাঁহার ভবিষ্য তহবিলে সঞ্চিত সমুদয় অর্থ চূড়ান্তভাবে উত্তোলন করিবার অধিকারী হইবেনঃ

(I) চাকুরি হইতে স্বাভাবিক অবসর গ্রহণ করিলে; অথবা
(II) অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করিলে; অথবা
(III) চাকুরি হইতে ইস্তফা প্রদান বা পদত্যাগ করিলে; অথবা
(IV) চাকুরি হইতে বাধ্যতামূলক অবসর প্রাপ্ত হইলে; অথবা
(V) চাকুরি হইতে অপসারিত হইলে; অথবা
(VI) চাকুরি হইতে বরখাস্ত (সাময়িকভাবে বরখাস্ত নহে) হইলে।

ড. শাহ্জাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

তবে শর্ত থাকে যে, চাকুরি হইতে বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত বা চাকুরি হইতে অপসারিত অথবা চাকুরি হইতে বরখাস্ত কোনো কর্মচারী ৬০ (ষাট) বৎসর পূর্তির পূর্বে চাকুরিতে পুনর্বহাল হইবে, উক্তরূপ উত্তোলিত অর্থ মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত উপায়ে কোম্পানির তহবিলে জমা প্রদান করিতে হইবে।

(২) কোনো কর্মচারীর মৃত্যুজনিত কারণে বিধি ৬ অনুযায়ী তাঁহার মনোনীত ব্যক্তি অথবা তাঁহার বৈধ উত্তরাধীকারী মৃত কর্মচারীর ভবিষ্য তহবিলে সঞ্চিত সমুদয় অর্থ চূড়ান্তভাবে উত্তোলন করিতে পারিবেন।

১৫। **সঞ্চিত অর্থ চূড়ান্ত পরিশোধের পদ্ধতি।**-(১) তহবিলের অর্থ প্রাপ্তির নিমিত্ত আবেদনকারী স্বয়ং বা, তাহার মৃত্যুর ক্ষেত্রে, মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা, ক্ষেত্রমত, তাহার বৈধ উত্তরাধিকারীগণ সাদা কাগজে, দপ্তর প্রধানের মাধ্যমে, মহাব্যবস্থাপক (প্রশাসন,অর্থ ও হিসাব) বরাবরে আবেদন করিবেন।

(২) দপ্তরপ্রধান আবেদনে তাহার সুপারিশ সহকারে, প্রযোজ্য ক্ষেত্রে, কর্মচারীর অবসরের কপি, চাকুরি চুক্তির কপি, মৃত্যুর ক্ষেত্রে মৃত্যু সনদ (মনোনয়নের কপি, অভিভাবক সনদ, ক্ষমতা অর্পণ পত্রসহ) পৃথক ফরোয়ার্ডিং এর মাধ্যমে আবেদনকারীর জমার পরিমাণ জানিতে চাহিয়া আবেদনটি মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) বরাবরে প্রেরণ করিবেন।

(৩) মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) বরাবরে আবেদিত বিষয়টি নিরীক্ষা করিয়া উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জমাকৃত টাকার চূড়ান্ত স্থিতি পত্রজারি পূর্বক মঞ্জুরাদেশ জারি করিবেন এবং উহা নিরীক্ষান্তে পরিশোধের ব্যবস্থা গ্রহণপূর্বক দপ্তরপ্রধানকে অবহিত করিবেন এবং মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) সংশ্লিষ্ট হিসাবটি বন্ধ করিবেন।

১৬। **চাঁদাদাতার মৃত্যুর কারণে অর্থ প্রদানযোগ্য হওয়া।**-কোন চাঁদাদাতা তহবিলে সঞ্চিত অর্থ প্রাপ্তিযোগ্য হইবার পূর্বে মৃত্যুবরণ করিলে অথবা পাইবার যোগ্য হইলেও প্রাপ্তির পূর্বে মৃত্যুবরণ করিলে-

(ক) চাঁদাদাতার পরিবার থাকিলে এবং তিনি তাহার পরিবারের এক বা একাধিক সদস্যকে মনোনয়ন প্রদান করিয়া থাকিলে, উক্ত মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়নে উল্লিখিত আনুপাতিক হারে এবং, মনোনয়ন না থাকিলে, বৈধ প্রমাণপত্রের ভিত্তিতে বৈধ উত্তরাধিকারীগণকে তাহাদের প্রাপ্যতা অনুযায়ী আনুপাতিক হারে সংশ্লিষ্ট অর্থ প্রদান করা হইবে; এবং

(খ) চাঁদাদাতার পরিবার না থাকিলে এবং তিনি কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়ন প্রদান করিয়া থাকিলে, উক্ত মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়নে উল্লিখিত আনুপাতিক হারে এবং, মনোনয়ন না থাকিলে, বৈধ প্রমাণ পত্রের ভিত্তিতে বৈধ উত্তরাধিকারীগণকে তাহাদের প্রাপ্যতা অনুযায়ী আনুপাতিক হারে সংশ্লিষ্ট অর্থ প্রদান করা হইবে।

১৭। **অপ্রকৃতিস্থ কর্মচারীকে অর্থ পরিশোধ।**-কোন চাঁদাদাতা চাকুরীরত অবস্থায় পাগল, উন্মাদ বা মানসিক অপ্রকৃতিস্থ বলিয়া বিবেচিত হইলে এবং কোম্পানি কর্তৃক চাকুরীতে অযোগ্য বলিয়া ঘোষিত হইলে সেইক্ষেত্রে তাহার কোন মনোনয়ন না থাকিলে দপ্তর প্রধান বা নিয়ন্ত্রণকারী কর্মকর্তা উক্ত অর্থ সংশ্লিষ্ট কর্মচারীর কল্যাণার্থে ব্যয় হইবে বলিয়া মনে করিলে যোগ্য বিবেচিত ব্যক্তিকে জমাকৃত অর্থ পরিশোধ করিবেন।

১৮। **চাঁদাদাতার হিসাবের বিবরণী।**-(১) উপযুক্ত কর্তৃপক্ষ, প্রত্যেক বৎসর সমাপ্ত হইবার পর, প্রত্যেক চাঁদাদাতাকে নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখপূর্বক তাহার হিসাবের একটি বার্ষিক বিবরণী প্রেরণ করিবেন এবং উক্ত বিবরণীর শুদ্ধতা সম্পর্কে নিশ্চিত হইবার এবং, উহাতে কোন ত্রুটি থাকিলে, বিবরণী প্রাপ্ত হইবার ৬ (ছয়) মাসের মধ্যে, উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবার জন্য অনুরোধ জানাইবেন, যথা:-

(ক) সংশ্লিষ্ট বৎসরের প্রথম তারিখে তাহার প্রারম্ভিক স্থিতি;

(খ) বৎসরের মোট জমা ও গৃহীত অগ্রিমের, যদি থাকে, পরিমাণ; এবং

(গ) বিবেচ্য বৎসরের ৩০ জুন পর্যন্ত মুনাফা বা বৃদ্ধির পরিমাণ ও উক্ত তারিখে সর্বশেষ স্থিতি।

(২) উপ-বিধি (১) এর অধীন হিসাবের বার্ষিক বিবরণী প্রাপ্ত হইবার পর চাঁদাদাতা উহার শুদ্ধতা সম্পর্কে নিশ্চিত হইবেন এবং, কোন ত্রুটি থাকিলে সংশোধনের জন্য, বিবরণী প্রাপ্ত হইবার ৬ (ছয়) মাসের মধ্যে, উপযুক্ত কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাইবেন।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ চাঁদাদাতার চাহিদা অনুযায়ী, যে মাসে তাহার হিসাবের পূর্ণ বিবরণী প্রেরণ করা হইয়াছে উহার পূর্ব মাস পর্যন্ত তাহার তহবিলে জমার অবস্থা সম্পর্কে চাঁদাদাতাকে বৎসরে একবার অবহিত করিবে।

১৯। **অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল সংরক্ষণ পদ্ধতি।**- মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) এর তহবিল শাখা কম্পিউটার, লেজার কার্ড এবং ব্রডশীট রেজিস্টারের মাধ্যমে চাঁদাদাতার অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলের হিসাব সংরক্ষণ করিবেন।



ড. শাহজাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

(২) মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) সংশ্লিষ্ট কম্পিউটার, লেজার কার্ড ও ব্রডশীট রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করিবেন এবং ইহার তহবিল বৎসরান্তে নিরীক্ষার ব্যবস্থা করিবেন।

(৩) চাঁদাদাতার অনুকূলে খোলা লেজার কার্ডে, ব্রডশীট রেজিস্টারে ও কম্পিউটার হিসাবে তারিখ উল্লেখপূর্বক মাসিক চাঁদা প্রাপ্তি ও কর্তনের নিম্নবর্ণিত হিসাব যথাযথ সংরক্ষণ করিতে হইবে, যথা:-

(ক) চাঁদাদাতার চাঁদার অংশ;

(খ) গৃহীত অগ্রিমের পরিমাণ (যদি থাকে);

(গ) অগ্রিমের কিস্তি কর্তন (যদি থাকে); এবং

(ঘ) অগ্রিমের মুনাফা বা বৃদ্ধি আদায় (যদি থাকে)।

(৪) প্রত্যেক অর্থ বৎসরের শেষে বোর্ড কর্তৃক প্রদত্ত অনুদান মুনাফা বা বৃদ্ধিসহ চাঁদাদাতার হিসাবে জমা করিতে হইবে।

**২০। এই বিধিমালায় উল্লেখ নেই এইরূপ বিষয়াদি।**-অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল সংক্রান্ত কোন বিষয়ে এই বিধিমালায় অপর্যাপ্ত বা অস্পষ্ট অথবা উহা প্রয়োগে কোন অসুবিধা দেখা দিলে উক্ত বিষয়ে কোম্পানির পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

ড.শাহ্জাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

## তফসিল

### ফরম-১

[বিধি ৫(১) দ্রষ্টব্য]

**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে যোগদানের আবেদনপত্র**

| | | |
|---|---|---|
| ১। | নাম | : |
| ২। | পদবী | : |
| ৩। | আইডি নং, যদি থাকে | : |
| ৪। | জন্ম তারিখ | : |
| ৫। | দপ্তরের নাম | : |
| ৬। | পিতা/স্বামীর নাম | : |
| ৭। | মাতার নাম | : |
| ৮। | স্থায়ী ঠিকানা | : |
| ৯। | নিয়মিত পদে চাকুরিতে যোগদানের তারিখ ও পদবী | : |
| ১০। | বর্তমানে মাসিক মূল বেতন এবং বেতন স্কেল | : |
| ১১। | কোন মাস হইতে চাঁদা কর্তন আরম্ভ হইবে (সনসহ) | : |

আমি উপরে উল্লিখিত তথ্যাদি বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে যোগদানের জন্য উল্লেখ করিলাম এবং এই মর্মে ঘোষণা করিতেছি যে, তথ্যসমূহ আমার জ্ঞাতমতে সত্য ও সঠিক।

তারিখ:

চাঁদাদাতার স্বাক্ষর :

পূর্ণ নাম :

পদবী :

---

স্মারক নং ................. তারিখ : ..............

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব), বিএসসিএল এর নিকট প্রেরণ করা হইল।

দপ্তর প্রধানের স্বাক্ষর ও সীল

---

স্মারক নং- ...................... তারিখ : ..............

জনাব/জনাবা ..........................পদবী.......................দপ্তর.......................... এর আবেদনে উল্লিখিত তথ্যাদি যাচাই অন্তে সঠিক বিবেচিত হওয়ায় তাহাকে কোম্পানির অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদাদাতা হিসাবে সদস্যভুক্ত করা হইল। তাহার অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল হিসাব নং.........................................

উপযুক্ত কর্তৃপক্ষ



ড.শাহ্‌জাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

**ফরম-২**

[বিধি ৬(১) দ্রষ্টব্য]

**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে অর্থ উত্তোলনের মনোনয়নপত্র**

| | | |
|---|---|---|
| ১। | চাঁদাদাতার নাম | : |
| ২। | চাঁদাদাতার পদবি | : |
| ৩। | আইডি নং | : |
| ৪। | দপ্তরের নাম | : |
| ৫। | পিতা/স্বামীর নাম | : |
| ৬। | মাতার নাম | : |
| ৭। | তহবিলের হিসাব নং | : |
| ৮। | বৈবাহিক অবস্থা | : |

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, মৃত্যুজনিত কারণে আমার অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলের পাওনা অর্থ নিম্নবর্ণিত ব্যক্তি/ব্যক্তিগণের মধ্যে তাহার/তাহাদের নামের পার্শ্বে বর্ণিত হারে বন্টনযোগ্য হইবে। আমার মৃত্যুর সময় মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণের মধ্যে যাহারা নাবালক থাকিবেন তাহাদের প্রাপ্য অর্থ নিম্নবর্ণিত ছকের ৫ নম্বর কলামে বর্ণিত ব্যক্তির নিকট প্রদানযোগ্য হইবে।

| মনোনীতব্যক্তি/ব্যক্তিগণেরনাম ও ঠিকানা | চাঁদাদাতার সহিত সম্পর্ক | জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র মোতাবেক জন্ম তারিখ | প্রাপ্যতার আনুপাতিক হার | নাবালকের পক্ষে অর্থ উত্তোলনকারীর নাম ও ঠিকানা | (৫) নং কলামে বর্ণিত ব্যক্তির সহিত নাবালকের সম্পর্ক |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |
| | | | | | |

| স্বাক্ষী স্বাক্ষর | পদবী | দাপ্তরিক ঠিকানা |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |

চাদাঁদাতার স্বাক্ষর :

তারিখ:

পূর্ণ নাম :

পদবী :

(দপ্তর প্রধানের স্বাক্ষর ও সীল)

...............................

[বিশেষ দ্রষ্টব্যঃ- চাঁদাদাতার পরিবার থাকিলে পরিবারের সদস্য ব্যতীত অন্য কাহাকেও মনোনয়ন প্রদান করা যাইবে না।]

ড.শাহ্‌জাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

ফরম-৩

[বিধি ৬(৩) দ্রষ্টব্য]

**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে অর্থ উত্তোলনের মনোনয়ন বাতিল সংক্রান্ত নোটিশ**

মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব)
বিএসসিএল

বিষয়ঃ **মনোনয়ন বাতিল নোটিশ**

আমার মৃত্যুজনিত কারণে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে আমার পাওনা অর্থ উত্তোলনের জন্য প্রদত্ত বিগত ..............................তারিখের মনোনয়নটি (কপি সংযুক্ত) পরিবার গ্রহণ করায়/অন্যবিধ কারণে অবিলম্বে বাতিলের জন্য নোটিশ প্রদান করিতেছি।

| স্বাক্ষী স্বাক্ষর | পদবী | দাপ্তরিক ঠিকানা |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |

চাদাঁদাতার স্বাক্ষর :

তারিখ:

পূর্ণ নাম :

পদবী :

(দপ্তর প্রধানের স্বাক্ষর ও সীল)

..............................

ড. শাহজাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

ফরম-৪

[বিধি ১২ দ্রষ্টব্য]

**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল হইতে অগ্রিম উত্তোলনের আবেদন পত্র**

মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব)
বিএসসিএল

বিষয়: **অগ্রিম উত্তোলনের আবেদনপত্র।**

জনাব,

আমার অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে জমাকৃত অর্থ হইতে টাকা/-................................(কথায় ..........................................) টাকা অগ্রিম গ্রহণের জন্য আবেদন করিতেছি। এতদুদ্দেশ্যে আমি নিচের প্রশ্নগুলির জবাব প্রদান করিলাম, যথা :-

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর |
|---|---|---|
| ১। | ১। গত ৩০ শে জুনের পূর্বে আপনার তহবিল খাতে কত জমা ছিল? (মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব) কার্যালয় হইতে প্রাপ্ত হিসাব বিবরণীর মূল কপি পরীক্ষান্তে সংযুক্ত করিতে হইবে) । | |
| ২। | কি কারণে অগ্রিমের প্রয়োজন? | : |
| ৩। | আপনার বর্তমান মূল বেতন কত? | : |
| ৪। | (ক) পূর্বে কোন অগ্রিম গ্রহণ করিয়াছেন কিনা?<br>(খ) যদি কোন অগ্রিম গ্রহণ করিয়া থাকেন, তাহা হইলে উহা সম্পূর্ণ পরিশোধ হইয়াছে কি?<br>(গ) যদি পরিশোধ করা হইয়া থাকে তাহা হইলে শেষ কিস্তি সুদসহ কখন পরিশোধ করা হইয়াছে?<br>(ঘ) যদি পূর্বে গৃহীত অগ্রিম সম্পূর্ণরূপে পরিশোধ করা না হইয়া থাকে, তাহা হইলে আর কত কিস্তি বাকি আছে? | : |
| ৫। | প্রস্তাবিত অগ্রিম আপনি মুনাফা বা বৃদ্ধিসহ কত কিস্তিতে পরিশোধ করিতে ইচ্ছুক? | : |
| ৬। | (ক) আপনার জমাকৃত অর্থ মুনাফা বা বৃদ্ধি যুক্ত কিনা?<br>(খ) ভবিষ্য তহবিল হিসাব নং | : |
| ৭। | আপনি পেনশন প্রায় অপশন প্রদান করিয়াছেন কিনা (প্রযোজ্য ক্ষেত্রে) | : |

ড.শাহ্জাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)

স্বাক্ষর ও তারিখ :

পূর্ণ নাম :

পদবী :

আই ডি নং (যদি থাকে):

দাপ্তরিক ঠিকানা :

৮। দপ্তর প্রধান/ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশ.......................................................................................

তারিখ : ............................... (সুপারিশকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল)

*নোট-১

উপযুক্ত কর্তৃপক্ষ

*নোট-১ : (সুপারিশকারী কর্মকর্তা একটি পৃথক ফরোয়ার্ডিং এর মাধ্যমে সংশ্লিষ্ট আবেদনটি মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও হিসাব), বিএসসিএল বরাবরে প্রেরণ করিবেন।

ড.শাহ্জাহান মাহমুদ
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিঃ (বিএসসিএল)